দৈনিক বাংলা
তারিখ ... 14 JUL 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৩

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ক্যাম্পাসে শান্তি

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বুধবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে মত বিনিময়কালে বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন এবং বলেন যে তার সরকার দেশে শিক্ষার মান আরো উন্নত করার জন্য অবিরাম চেষ্টা চালিয়ে যাচ্ছে।

শিক্ষাঙ্গনে বিশেষ করে বিশ্ববিদ্যালয় ও অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে শান্তি বজায় রাখা এবং শিক্ষার অনুকূল পরিবেশ অব্যাহত রাখার গুরুত্ব কোনমতেই অস্বীকার করা যায় না, দুঃখের বিষয়, স্বাধীনতার পর থেকে শুরু করে কয়েক বছর আগেও ক্যাম্পাসগুলোতে প্রায়ই গোলযোগ লেগে থাকত। বোমাবাজি, গোলাগুলি, খুনাখুনি কখনও কখনও নিত্যনৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছিল। এর ফলে শিক্ষাঙ্গন হয়ে পড়েছিল কলুষিত। বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কোন কোন কলেজে সহিংস ঘটনার ফলে অসংখ্য ছাত্র নিহত হয়েছে। তাদের রক্তে সিক্ত হয়েছে শিক্ষাঙ্গন। পরিণামে এসব শিক্ষা প্রতিষ্ঠান বার বার অনির্ধারিতভাবে ছুটি দিতে হয়েছে। কোন কোন বিশ্ববিদ্যালয় এমনকি মাসের পর মাস বন্ধ রাখতে হয়েছে। এর ফলে ক্লাস হয়নি, যথাসময়ে পরীক্ষা হয়নি। সেশন পিছিয়ে গেছে। কোন কোন বিশ্ববিদ্যালয়ে তিন থেকে পাঁচ বছরের সেশনজট সৃষ্টি হয়েছে। ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ হয়ে পড়েছে অনিশ্চিত। অন্যদিকে তাদের অভিভাবকদের ব্যয়-ভার বেড়েছে, তেমনি বেড়েছে সন্তানদের নিরাপত্তার ব্যাপারে অদের শংকা।

বর্তমান সরকারের আপ্রাণ চেষ্টার ফলে ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি হয়েছে। এখন সেখানে পঠনপাঠন চলছে নিরুপদ্রবে। নিয়মিত ক্লাস হচ্ছে। যথাসময়ে পরীক্ষা হচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশনজট ছাড়াবার জন্য বিশেষ ব্যবস্থাও নিচ্ছে। এসবই সম্ভব হয়েছে ক্যাম্পাসগুলোয় শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির ফলে। এই পরিবেশ অব্যাহত রাখতে হবে। এরজন্য সরকার তার কর্তব্য অবশ্যই করতে থাকবে; কিন্তু এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদেরও সহযোগিতা প্রয়োজন। আমাদের বিশ্বাস, ক্যাম্পাসগুলোতে শান্তি বজায় রাখার ব্যাপারে তারা বলিষ্ঠ ভূমিকা রাখবেন।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, বর্তমান সরকার শিক্ষার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছে। এই উদ্দেশ্যে সরকার গত বছর ও চলতি বছরের বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ পরিমাণ অর্থ বরাদ্দ করেছে। কেননা, উন্নয়নের জন্য শিক্ষার বিকল্প নেই; শিক্ষাই একটি জাতির উন্নয়নের প্রধান পূর্বশর্ত– বর্তমান সরকার একথা দৃঢ়তার সঙ্গে বিশ্বাস করে। আমরা আশা করব যে সরকার দেশে শিক্ষা বিস্তার ও শিক্ষার মান উন্নয়নের জন্য যে সব পদক্ষেপ নিয়েছে তা সফল করার ব্যাপারে শিক্ষকসহ সবাই সহযোগিতা করবে।